

নওয়াপাড়া বন্দরের কার্যক্রম বেগবান এবং বুড়িগঙ্গার তীরের ৮০টি ডকইয়ার্ড স্থানান্তর করতে নৌপরিবহন প্রতিমন্ত্রীর নির্দেশ

ঢাকা, ০১ সেপ্টেম্বর;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, যশোরের নওয়াপাড়া নদীবন্দর একটি গুরুত্বপূর্ণ নদীবন্দর। এ বন্দরের কার্যক্রমকে আরও বেগবান করতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষকে (বিআইডব্লিউটিএ) তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। নওয়াপাড়া বন্দরকে আরও ব্যবহার উপযোগি করার লক্ষ্যে বিস্তারিত সমীক্ষা কার্যক্রম গ্রহণের পাশাপাশি বন্দর সংলগ্ন নদী খননের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন তিনি। প্রতিমন্ত্রী বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত ৮০টি ডকইয়ার্ড দ্রুত স্থানান্তরের লক্ষ্যে বাস্তবতার নিরিখে ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দেন।

প্রতিমন্ত্রী আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে বিআইডব্লিউটিএ'র প্রশাসনিক, আর্থিক ও উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত পর্যালোচনা সভায় এ নির্দেশ দেন।

খালিদ মাহমুদ চৌধুরী প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন করা যায়, এমন প্রকল্প গ্রহণ করতে হবে।

সভায় অন্যান্যের মধ্যে মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী এবং বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর গোলাম সাদেক উপস্থিত ছিলেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com,